**27 জুন, 2017**

## নিউ ইয়র্ক সিটি গৃহহীন পরিষেবা বিভাগ (Department of Homeless Services, DHS) আশ্রয় পদ্ধতিতে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য শেল্টার বা আশ্রয়াগারে প্রবেশাধিকার সম্পর্কিত ক্লাশ অ্যাকশনের প্রস্তাবিত নিষ্পত্তির বিজ্ঞপ্তি

### কাদের এই বিজ্ঞপ্তিটি পড়া উচিত?

আপনার এই বিজ্ঞপ্তিটি পড়া উচিত যদি:

- আপনার প্রতিবন্ধকতা থাকে **এবং**
- আপনি নিউ ইয়র্ক সিটি গৃহহীন পরিষেবা বিভাগ (DHS) থেকে আবেদন করতে পারেন বা আবেদন করেছেন, অথবা বর্তমানে DHS আশ্রয়াগারে থাকছেন।

অনেক ধরণের প্রতিবন্ধকতা আছে, কিন্তু কিছু উদাহরণ এমন থাকতে পারে যে আপনার সিড়ি দিয়ে উঠতে খুব কষ্ট হয়, কিছু দেখা বা শুনতে হলে আপনার সাহায্যের প্রয়োজন, আপনি নিজে স্নান করা বা পোষাক পরতে পারেন না, অথবা আপনার মনযোগে, কোন কিছু স্মরণ করতে বা সিদ্ধান্ত নিতে অসুবিধা হয়।

### এই বিজ্ঞপ্তিটি কি সম্বন্ধে ?

2015 সালে আশ্রয়াগারে থাকা প্রতিবন্ধী লোক ফেডারাল ক্লাশ অ্যাকশন মামলায় DHS এর বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন যেটিকে বলা হয় বাল্টার বনাম নিউ ইয়র্ক সিটি (Butler v. City of New York) 15-CV-3783 (RWS) (JLC) মামলা। এটি হলো একটি ক্লাশ অ্যাকশন মামলা, যার অর্থ হলো যে একদল মানুষের পক্ষ থেকে এটি আনা হয়েছিল। মামলার উভয় পক্ষ এখন এটি নিষ্পত্তি করতে চান, এবং বিচারককে তাদের নিষ্পত্তি অনুমোদন করার জন্য বলেছেন। নিষ্পত্তিতে, DHS এটা নিশ্চিত করতে রাজী হয়েছে যে প্রতিবন্ধী লোকদের আশ্রয় দেওয়া হবে। এছাড়াও DHS তাদের কিছু নিয়ম পরিবর্তন করতে রাজী হয়েছে যাতে প্রতিবন্ধী লোকদের আরও ভালো ভাবে সাহায্য করা যায়।

### ক্লাশের সদস্য কারা?

আপনি একজন ক্লাশ সদস্য এবং এই নিষ্পত্তির আওতায় থাকবেন যদি:

1. আমেরিকানদের জন্য প্রতিবন্ধী আইন দ্বারা সংজ্ঞায়িত হিসাবে আপনি একজন প্রতিবন্ধী হোন, যার অর্থ হলো আপনার শারীরিক বা মানসিক বিকলতা আছে যার দরুণ জীবনের প্রধান কার্যকলাপগুলি সীমিত হয়; **এবং**
2. - আপনি বর্তমানে **DHS** আশ্রয়াগারে বসবাস করেন; অথবা
   - আপনি 14 মে, 2012 তারিখের পর **DHS** আশ্রয় পদ্ধতির মাধ্যমে পরিষেবা অ্যাক্সেস বা পরিষেবা গ্রহণ করতে চেয়েছিলেন; **অথবা**
   - আপনি ভবিষ্যতে **DHS** আশ্রয় পদ্ধতির মাধ্যমে পরিষেবা অ্যাক্সেস বা পরিষেবা গ্রহণ করতে চান।

### আরও বেশি তথ্য পেতে

নিষ্পত্তির চুক্তিটি আইনি সহায়তা সোসাইটি, প্রতিবন্ধীদের জন্য স্বতন্ত্রতা কেন্দ্র, নিউ ইয়র্ক, (The Legal Aid Society, Center for Independence of the Disabled, New York, ) এবং **DHS** এর ওয়েবসাইটে রয়েছে: www.legal-aid.org, www.cidny.org, এবং www.nyc.gov/dhs. নিষ্পত্তির একটি প্রতিলিপি পাওয়ার জন্য, বা আপনার কোন প্রশ্ন থাকলে, আপনি ফোন করতে, ডাক পাঠাতে, বা ইমেইল করতে পারেন:

The Legal Aid Society<br>
Butler v. City of New York Settlement<br>
199 Water Street, 3rd floor<br>
New York, NY 10038<br>
ButlerCase@legal-aid.org<br>
917-398-3055

### এই নিষ্পত্তিটিতে কি আছে?

প্রতিবন্ধী লোকদের জন্য DHS আশ্রয় পদ্ধতিটি অ্যাক্সেসিবল বা সহজগম্য করার জন্য DHS রাজী হয়েছে।

1. যুক্তিসঙ্গত আবাসনের অনুরোধ
DHS ক্লাশ সদস্যদের যুক্তিসঙ্গত আবাসন (reasonable accommodations, "RAs") প্রদান করবে। RAs হলো নীতি, অভ্যাস এবং সুবিধাগুলিতে আপনার যেসব পরিবর্তনের প্রয়োজন, যেগুলি সুবিধা এবং পরিষেবাকে আপনার কাছে সহজগম্য করে। কিছু উদাহরণের মধ্যে হতে পারে যে আপনি হয়তো পরিষেবা পশু বা একটি বিছানা পেতে পারেন যেটি আপনি স্থানান্তর করতে পারেন/ আপনার হুইলচেয়ার থেকে, অথবা আপনার ওষুধপত্র রেফ্রিজারেটরে রাখার জায়গা থেকে।

DHS RAs সম্বন্ধে তথ্যগুলি এবং তাদের ফর্ম এবং সাইনেজে কিভাবে এগুলির জন্য বলতে হবে তা অন্তর্ভুক্ত করবে। আপনি যদি একটি RA এর জন্য আবেদন করেন, তাহলে DHS আপনার RA অনুরোধ সম্পর্কে তাদের সিদ্ধান্ত নিয়ে আপনাকে একটি লিখিত বিজ্ঞপ্তি পাঠাবে। যদি RA অনুরোধটি প্রত্যাখ্যান করা হয় তাহলে আপনি আপিল করতে পারেন।

2. ভালো যুক্তিসঙ্গত আবাসন
DHS সেইসব ব্যক্তিদের সনাক্ত করার চেষ্টা করবে যাদের হয়তো RAs এর প্রয়োজন থাকতে পারে এমনকি তারা RA এর জন্য অনুরোধ না করলেও। এছাড়াও DHS একটি পদ্ধতি ব্যবহার করবে যাতে DHS কর্মীরা যেকোন DHS ফ্যাসিলিটিতে RAs সম্বন্ধে আপনার প্রয়োজনীয় তথ্যগুলি দেখতে পারে। DHS চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার সময় হয়তো অস্থায়ী RAs প্রদান করতে পারে।

3. বর্তমান নীতি, অভ্যাস, এবং সুবিধাগুলি দেখা
DHS তাদের বর্তমান নীতি, অভ্যাস এবং সুবিধাগুলি দেখাশোনা করবে এটা যাচাই করার জন্য যে প্রতিবন্ধী লোকদের জন্য এগুলিতে কোন অসুবিধা আছে কি না। DHS আশ্রয় পদ্ধতিকে প্রতিবন্ধী লোকদের জন্য সহজগম্য করার জন্য একটি পরিকল্পনা প্রস্তুত করবে। DHS তাদের আশ্রয়াগারগুলি সহজগম্য করার জন্য এই পরিকল্পনাটি ব্যবহার করবে। সিটি নিষ্পত্তিটি মেনে চলছে কি না তা নিশ্চিত করার জন্য আদালতকে একটি পরিকল্পনা অনুমোদন করতে হবে।

4. কর্মী প্রশিক্ষণ
DHS প্রতিবন্ধী লোকদের অধিকার এবং নিষ্পত্তি সম্বন্ধে তাদের কর্মীদের প্রশিক্ষণ দেবে। DHS এর কাছে এমন সব কর্মীরা থাকবেন যারা প্রতিবন্ধী লোকদের আশ্রয় পদ্ধতি ব্যবহার এবং RAs এর জন্য অনুরোধ করতে সাহায্য করতে পারবেন।

**আমি যদি নিষ্পত্তিটির সাথে একমত হই তাহলে আমাকে কি অন্য কিছু করতে হবে?**
না। আপনি যদি নিষ্পত্তিটির সাথে একমত থাকেন, তাহলে আপনাকে আর কিছু করতে হবে না। আদালত যদি নিষ্পত্তিটি অনুমোদন করে, তাহলে প্রতিবন্ধী লোকদের জন্য আশ্রয় পদ্ধতিটি আরও সহজগম্য করে তোলার জন্য আপনি DHS আশ্রয় পদ্ধতিতে পরিবর্তন দেখতে পাবেন। এছাড়াও আপনাকে নিষ্পত্তি দ্বারা আবদ্ধ করা হবে।

**কিভাবে আমি নিষ্পত্তির জন্য আপত্তি জানাতে পারি?**
ক্লাশ সদস্যরা যদি নিষ্পত্তির বিরোধিতা করেন তাহলে আদালতের কাছে বলার তাদের অধিকার আছে। ক্লাশ সদস্যরা ব্যক্তিগত ভাবে **তারিখের** দিন শুনানীতে এসে আপত্তি জানাতে পারেন।

**Judge Robert W. Sweet**
**United States District Court for the Southern District of New York**
**United States Courthouse 500 Pearl Street, Courtroom 18C**
**New York, NY 10007**

এছাড়াও ক্লাশ সদস্যরা "বাটলার ক্লাশ অ্যাকশন" চিহ্নিত করে এবং **তারিখ** সহ পোস্টমার্ক করে উপরে উল্লিখিত ঠিকানায় আদালতের কাছে চিঠি ও নীচের ঠিকানায় এর একটি প্রতিলিপি পাঠিয়ে আপত্তি জানাতে পারেন:

The Legal Aid Society
Attn: Joshua Goldfein
199 Water Street
New York, New York 10038
Attorneys for the certified class
ButlerCase@legal-aid.org

আপনার যদি কোন প্রশ্ন থাকে, তাহলে আপনি উপরে উল্লিখিত অ্যাটর্নিকে ফোন করতে বা ইমেইল পাঠাতে পারেন যিনি এই বিভাগের সার্টিফাইড ক্লাশের প্রতিনিধিত্ব করছেন। **আদালতে ফোন করবেন না।**